

২০২০

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমিস্টার

অষ্টম পত্র

কোর্স কোড : BNGH-CC-T-8

(বাংলা সমালোচনা সংকলন ও প্রবন্ধ সংকলন)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) “মুশকিল হচ্ছে যে এই ‘স্মরণ বা চিন্তনচিহ্ন’ কোন বিদেশি ভাষাতেও নেই” — ‘স্মরণ বা চিন্তন চিহ্ন’ বলতে কী বোঝানো হয়েছে? কার লেখা কোন্ রচনার অংশ এটি?
- খ) ‘আউট’ বহি কী? কে, কোন্ রচনায় এই প্রসঙ্গটি এনেছেন?
- গ) “সাহিত্যের ইতিহাস যে একপ্রকার পালোয়ানি ব্যাপার, তাহা পূর্বে জানিতাম না।” — ‘পালোয়ানি ব্যাপার’ কী? কার কাজ প্রসঙ্গে একথা বলা হয়েছে?

- ঘ) “ভাষা নিয়ে জাতি, জাতি নিয়ে দেশ।” — কার মন্তব্য? কোথায় একথা বলা হয়েছে?
- ঙ) “দেশ ভাষা বিদ্যা যার মনে ন জুয়ায়। নিজ দেশ ত্যাগী কেন বিদেশ না যায়।।” — কবি কে? ‘দেশ ভাষা’ বলতে কী বোঝানো হয়েছে?
- চ) “অতএব এই নামটির জন্য বান্ধীকির নিকট কৃতজ্ঞ আছি।” — কোন্ নামটির জন্য কে কৃতজ্ঞ এবং কেন?
- ছ) ‘তাহারা তো ছায়া নহে’ — ‘তাহারা’ বলতে কাদের বোঝানো হয়েছে? কার লেখা কোন্ প্রবন্ধের অংশ এটি?
- জ) “এই তিনটি মিলিয়াই একটা একীভূত ‘ভদ্রলোক’ সমাজ বাংলাদেশ জুড়িয়া ছিল” — ‘একীভূত ভদ্রলোক’ সমাজ বলতে কী বোঝানো হয়েছে? ‘তিনটি’ কী?
- ঝ) ‘ভড়ং-বিহীন সাহিত্যানুরাগী বাঙ্গালী’ কারা? কে কোথায় এটি বলেছেন?
- ঞ) ‘নিজের সুবুদ্ধিকে কলঙ্কিত করার মধ্যে যে আত্মোবমাননা আছে, দুর্দিনে সে কথাও মানুষ যখন ভোলে তখন সাংঘাতিক দুর্গতি থেকে কে বাঁচবে?’ — কে কোথায় একথা বলেছেন? কার লেখা, কোন্ প্রবন্ধে এই উক্তিটি ব্যবহার করা হয়েছে?
- ট) “খুনচড়া” শব্দটি কোথায় রয়েছে? এর অর্থ লেখো।

- ঠ) ‘সেই চেষ্টারই সাহিত্যগত দলকে আমি রসসাহিত্য নাম দিয়েছি।’ — ‘রসসাহিত্য’ বলতে কী বোঝানো হয়েছে? কার লেখা কোন্ প্রবন্ধের অংশ এটি?
- ড) ‘তার কাজ হচ্ছে হৃদয়ের যোগ ঘটানো, যেখানে যোগটাই শেষ লক্ষ্য।’ — ‘তার কাজ’ বলতে কী বোঝানো হয়েছে? কোন্ রচনার অংশ এটি?
- ঢ) ‘বিশুদ্ধ সাহিত্য অপ্রয়োজনীয়; তার যে রস সে অহৈতুক।’ — কে কোথায় একথা বলেছেন? ‘অহৈতুক রস’ কী?
- ণ) “‘মার্জিতরুচি’ কথাটির কোন সর্বজনীন সংজ্ঞা নেই।” — কার লেখা কোন্ প্রবন্ধের অংশ এটি? ‘মার্জিত রুচি’তে কোন্ দেশের মানুষের খ্যাতি রয়েছে বলে লেখকের অভিমত?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) সাহিত্যের তথ্য ও সত্য রবীন্দ্রনাথ ‘তথ্য ও সত্য’ প্রবন্ধে কীভাবে বিশ্লেষণ করেছেন তা আলোচনা করো।
- খ) বাঙালি ভদ্রলোক বিষয়ে শ্রী নীরদচন্দ্র চৌধুরীর মতামত বুঝিয়ে দাও।
- গ) ‘উত্তমর্গ-অধমর্গ-সংবাদ’ প্রবন্ধটির মূল বক্তব্য সংক্ষেপে সূত্রবদ্ধ করো।
- ঘ) বাঙালির আত্মপরিচয় নির্মাণে মধ্যযুগের বাঙালি কবিদের ভূমিকাকে কীভাবে আনিসুজ্জামান দেখিয়েছেন তা লেখো।
- ঙ) ‘সাহিত্যতত্ত্ব’ প্রবন্ধের মৌলিক চেতনাগুলো সূত্রাকারে নির্দেশ করো।

- চ) ‘সব বই অনুবাদ করা যায় না। অবনীন্দ্রনাথের বেশিরভাগ লেখাই অনুবাদের ধকল সহিতে পারবে না।’ — কী প্রসঙ্গে একথা বলা হয়েছে? ধকল সহিতে না পারার কারণ তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) বাঙালির আত্মপরিচয়ের নিশানা বলতে আনিসুজ্জামান কোন্ বিষয়গুলিকে চিহ্নিত করেছেন? কীভাবে সেই আত্মপরিচয় গড়ে উঠেছিল তা তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- খ) ‘বর্তমান সমাজ ও সংস্কৃতি’ প্রবন্ধে নীরদ.সি.চৌধুরী বাঙালি সংস্কৃতির অবনমনের যে ক্ষেত্রগুলোকে চিহ্নিত করেছেন তা নিজের ভাষায় বুঝিয়ে দাও।
- গ) ‘কাব্যের উপেক্ষিতা’ প্রবন্ধটি রবীন্দ্রনাথের সাহিত্য সমালোচনার অসামান্য দৃষ্টান্ত হিসাবে মর্যাদা পেয়েছে — আলোচনা করো।
- ঘ) বাংলাদেশের মানুষ তাদের জীবনে ও সংগ্রামে কীভাবে রবীন্দ্রনাথকে গ্রহণ করেছেন সে বিষয়ে ‘রবীন্দ্রনাথ ও বাংলাদেশ’ প্রবন্ধে সনজিদা খাতুন যে মূল্যায়ন করেছেন তা নিজের ভাষায় বলো।